# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

---

# [redacted]

[redacted]

[redacted]

সভাপতিত্বে আজ রোববার বেলা ১১ টার দিকে নাটুদহ ইউনিয়ন পরিষদ সভাকক্ষে এ সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গত মাসের ২০আগষ্ট থেকে শুরু হয়েছিল ১০ দিন ব্যাপি গ্রাম ভিত্তিক অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণটি।
প্রশিক্ষণে উপজেলার নাটুদহ ইউনিয়নের বিভিন্ন গ্রামের ৩২ জন পুরুষ ও ৩২ জন মহিলা অংশ নেয। ১০ দিন প্রশিক্ষণ শেষে আজ সকাল ১১ ঘটিকায় নাটুদহ ইউনিয়ন পরিষদ হল রুমে সকল সদস্যদের উপস্থিতিতে সমাপনী ও সনদপত্র প্রদান অনুষ্ঠান শুরু হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাটুদহ ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম। এসময় উপস্থিত ছিলেন ইউপি সচিব নূরজাহান খাতুন, ইউপি সদস্য মনিরুল ইসলাম, কেরামত আলী, মহিলা মেম্বার রিজিয়া খাতুন, বেলী খাতুন, হিসাব সহকারি কাম কম্পিউটার অপারেটর সাব্বির আহাম্মেদ প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথিসহ অনান্য অতিথিরা ভিডিপি সদস্যদের উদ্দেশ্যে মূল্যবান বক্তব্য প্রদান করেন। পরিশেষে, প্রধান অতিথি মহোদয় সকল ভিডিপি সদস্যদের হাতে গ্রাম ভিত্তিক অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণের সনদপত্র প্রদান করেন।